# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৫২

১/ বিবিধ

---

আরবী

من حسن ظنه بالناس كثرت ندامته

باطل

رواه تمام في " الفوائد " (14/1/2) وابن عساكر (16/149/2) عن أبي العباس محمود بن محمد بن الفضل الواقفي: حدثني أبو عبد الله أحمد بن أبي غانم الواقفي: نا الفريابي عن الأوزاعي عن حسان بن عطية عن طاووس عن ابن عباس مرفوعا
أورده ابن عساكر في ترجمة أبي العباس هذا ولم يذكر فيه جرحا ولا تعديلا
وشيخه أحمد بن أبي غانم الواقفي لم أجد من ذكره، واسم أبيه (بزيع) كما ذكر ابن عساكر في ترجمة أبي العباس هذا
والحديث مع ضعف سنده فإنه باطل عندي لأنه يضمن الحض على إساءة الظن بالناس، وهذا خلاف المقرر في الشرع أن الأصل إحسان الظن بهم

বাংলা

১১৫২। যে ব্যক্তি মানুষ সম্পর্কে ভালো ধারণা পোষণ করবে তার লজ্জিত হওয়া বৃদ্ধি পাবে।

হাদীসটি বাতিল।

হাদীসটি তাম্মাম “আল-ফাওয়াইদ” গ্রন্থে (১৪/১/২) ও ইবনু আসাকির (১৬/১৪৯/২) আবুল আব্বাস মাহমূদ ইবনু মুহাম্মাদ ইবনিল ফাযল ওয়াকেফী হতে, তিনি আবু আদিল্লাহ আহমাদ ইবনু আবী গানেম ওয়াকেফী হতে, তিনি ফিরইয়াবী হতে ... বর্ণনা করেছেন।

ইবনু আসাকির আবুল আব্বাসের জিবনী বর্ণনা করতে গিয়ে হাদিসটি উল্লেখ করে তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই উল্লেখ করেননি। তার শাইখ আহমাদ ইবনু আবী গানেম ওয়াকেফীকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না। তার পিতার নাম বুযাইগ যেমনটি আবুল আব্বাসের জীবনী বর্ণনা করতে গিয়ে ইবনু আসাকির উল্লেখ করেছেন।

হাদীসটির সনদ দুর্বল হওয়া সত্ত্বেও হাদীসটি আমার (আলবানীর) নিকট বাতিল। কারণ হাদীসটি মানুষ সম্পর্কে মন্দ ধারণা পোষণ করতে উৎসাহিত করছে, যা শারী'আতের মধ্যে যে ভাল ধারণা পোষণ করার মূলনীতি রয়েছে সম্পূর্ণরূপে এটি তার বিরোধী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72031

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন